ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৬১৭

করবুক, ৮ জুলাই, ২০২৫

**করবুকে মহকুমাভিত্তিক ড. শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মজয়ন্তী উদযাপন**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় গত ৬ জুলাই করবুক মহকুমা ভিত্তিক ড. শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মবার্ষিকী উদযাপন করা হয়। অনুষ্ঠানটি হয় করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অডিটোরিয়ামে। অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক আর ডি ব্লকের বিএসি'র ভাইস চেয়ারম্যান প্রনব ত্রিপুরা। তাছাড়া উপস্থিত ছিলেন করবুকের বিদ্যালয় পরিদর্শক দামোদর ত্রিপুরা, পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল কার্ত্তিক দেববর্মা, সমাজসেবী সুশীল রিয়াং, সমাজসেবী অসিম ত্রিপুরা, সমাজসেবী প্রণব শঙ্কর ত্রিপুরা প্রমুখ। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ড. শ্যামাপ্রসাদ মুখার্জির উপর ওপেন ক্যুইজে অংশগ্রহণ করে। তাছাড়া স্থানীয় শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*****